**REGIONAL NEWS UNIT**
**ALL INDIA RADIO, AGARTALA**
**Date: 23-01-2026**
**Time: 07:55-08:05 PM Hrs**
**BENGALI EVENING BULLETIN**

---

## Headlines :

(১) নেতাজী সুভাষ চন্দ্র বসুর জন্মদিন আজ পরাক্রম দিবস হিসেবে উদযাপিত হচ্ছে |

(২) ডোনার মন্ত্রী জ্যোতিরাদিত্য সিন্ধিয়া আজ প্রজ্ঞা ভবনে রাজ্যের জন্য ৩৬৫ কোটি টাকার আটটি প্রকল্পের উদ্বোধন ও শিলান্যাস করেছেন l

(৩) প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আজ কেরালার তিরুবনন্তপুরমে স্বনিধি ক্রেডিট কার্ড চালু করেছেন |

(৪) উৎসাহ উদ্দীপনায় সাথে আজ রাজ্যে বাগ দেবীর আরাধনা করা হয়|

(৫) ত্রিপুরা ও মহারাষ্ট্রের মধ্যে কর্নেল সিকে নাইডু ট্রফি অনূর্ধ্ব ২৩ ক্রিকেট আজ শুরু হয়েছে।

*****************************************************

**Parakram Diwas**:

নেতাজী সুভাষ চন্দ্র বসুর জন্মদিন আজ পরাক্রম দিবস হিসেবে উদযাপিত হচ্ছে। রাষ্ট্রপতি দ্রৌপদী মুর্মু, প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী পরাক্রম দিবসে নেতাজি সুভাষ চন্দ্র বসুকে শ্রদ্ধা জানিয়েছেন। সামাজিক মাধ্যমে রাষ্ট্রপতি বলেছেন যে নেতাজি ভারতের স্বাধীনতা সংগ্রামের সবচেয়ে দৃঢ় এবং অনুপ্রেরণামূলক ব্যক্তিত্বদের মধ্যে একজন। প্রধানমন্ত্রী বলেন, ভারতের স্বাধীনতা আন্দোলনে নেতাজি সুভাষ চন্দ্র বসুর অবদান অতুলনীয়। নেতাজী সাহস এবং দৃঢ়তার প্রতীক।

**************************

**Parakram Diwas, VP:**

উপরাষ্ট্রপতি সিপি রাধাকৃষ্ণণ আজ বলেছেন যে নেতাজি সুভাষ চন্দ্র বসুর জীবন প্রজন্মের পর প্রজন্মকে সাহস, ত্যাগ এবং জাতীয় ঐক্যের আদর্শকে সমুন্নত রাখতে অনুপ্রাণিত করে। তিনি বলেন, নেতাজির নির্ভীক নেতৃত্ব এবং ভারতের স্বাধীনতার প্রতি অটল অঙ্গীকার বীরত্বের প্রকৃত চেতনাকে মূর্ত করে তোলে। পরাক্রম দিবসে আজ তিনি ওড়িশায় কটকের জানকীনাথ ভবন পরিদর্শন করেন। ওড়িশার রাজ্যপাল ডঃ হরি বাবু কাম্ভমপতি এবং মুখ্যমন্ত্রী মোহন চরণ মাঝির সঙ্গে নেতাজির মূর্তিতে পুষ্পস্তবক অর্পণ করেন তিনি।

**************************

**Parakram Diwas, Governor:**

নেতাজি সুভাষচন্দ্র বসুর জন্মদিনটি আজ রাজ্যেও পরাক্রম দিবস হিসেবে উদযাপিত হচ্ছে। স্কুল, কলেজ সহ বিভিন্ন প্রতিষ্ঠানে জাতীয় পতাকা উত্তোলন করা হয়। রাজ্যপাল ইন্দ্রসেনা রেড্ডি নাল্লু আজ আগরতলার মহারাজগঞ্জ বাজারে নেতাজির পূর্ণাঙ্গ মূর্তিতে পুষ্পার্ঘ অর্পণ করেন| অনুষ্ঠানে রাজ্যপাল বলেন, বীর যোদ্ধা নেতাজী সুভাষ চন্দ্র বসু ছিলেন দেশের স্বাধীনতা আন্দোলনে যোগদানকারীদের মধ্যে অন্যতম। তাঁর লড়াই এর চেতনা থেকে উদ্বুদ্ধ হয়ে যুবসমাজকে জীবনের সমস্ত বাধা অতিক্রম করে এগিয়ে যাওয়ার পরামর্শ দেন তিনি।

######## Governor Byte ########

**************************

**Parakram Diwas, CM**

মুখ্যমন্ত্রী অধ্যাপক ডাঃ মানিক সাহা আজ আগরতলার নেতাজি সুভাষ বিদ্যানিকেতন প্রাঙ্গণে নেতাজি জন্মজয়ন্তী উদযাপন অনুষ্ঠানের উদ্বোধন

করেন। তিনি তাঁর বক্তব্যে স্বাধীনতা সংগ্রামী নেতাজি সুভাষ চন্দ্র বসুর অবদান বিস্তারিতভাবে তুলে ধরেন।তিনি বলেন, প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদির নেতৃত্বে সরকার প্রতিষ্ঠার পর নেতাজিকে প্রাপ্য সম্মান জানানো এবং দিনটিকে পরাক্রম দিবস হিসাবে পালনের উদ্যোগ নিয়েছেন প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী।

######## CM Byte ########

অনুষ্ঠানে উপস্থিত ছিলেন সাংসদ রাজীব ভট্টাচার্য, আগরতলা পুর নিগমের মেয়র দীপক মজুমদার, স্থানীয় ওয়ার্ড কর্পোরেটর রত্না দত্ত, স্কুলের পরিচালন কমিটির সহ-সভাপতি ডক্টর দিলীপ দাস প্রমুখ। পরে বিদ্যানিকেতন থেকে একটি বর্নাঢ্য শোভাযাত্রা আগরতলা শহরের বিভিন্ন পথ পরিক্রমা করে।

**************************

**DoNER Minister:**

কেন্দ্রীয় উত্তর পূর্বাঞ্চল উন্নয়ন মন্ত্রী জ্যোতিরাদিত্য সিন্ধিয়া আজ আগরতলার প্রজ্ঞা ভবনে রাজ্যের জন্য ৩৬৫ কোটি টাকার আটটি প্রকল্পের উদ্বোধন ও শিলান্যাস করেন। অনুষ্ঠানে তিনি বলেন, আজ থেকে ত্রিপুরায় পর্যটন শিল্প, প্রত্যন্ত গ্রামীন  এলাকায় সৌর বিদ্যুৎ সরবরাহে এক নতুন অধ্যায় শুরু হল। ত্রিপুরা এখন বিদ্যুৎ উৎপাদনে উদ্বৃত্ত রাজ্য। তিনি বলেন ত্রিপুরাকে সমগ্র দক্ষিণ এশিয়ার প্রবেশ দ্বার হিসাবে গড়ে তোলা সরকারের লক্ষ্য। তিনি বলেন রাজ্যে ১০ বছর আগেকার ৮০০ কিলোমিটারের জায়গায় বর্তমানে ১,৫৫০ কিলোমিটার জাতীয় সড়ক হয়েছে। আগরতলার এম বি বি বিমানবন্দরকে আন্তর্জাতিক বিমানবন্দর হিসাবে গড়ে তোলা হচ্ছে। ত্রিপুরায় জি ডি  পি গ্রোথ ১০ শতাংশের বেশি। শিল্প স্থাপন ও লগ্নির দিক দিয়ে ত্রিপুরা একটি আকর্ষনীয় রাজ্য| তিনি উল্লেখ  করেন, উত্তরপুর্বাঞ্চলের ইনভেস্টমেন্ট সামিটে যে ত্রিশ হাজার কোটি টাকার মৌ সাক্ষর হয়েছে তাতে ত্রিপুরার জন্যই রয়েছে ১৫ হাজার কোটি টাকা।

#######byte Mr. Scindia#######

অনুষ্ঠানে মুখ্যমন্ত্রী অধ্যাপক ডা: মানিক সাহা আজকের দিনটিকে স্মরণীয় দিন হিসেবে উল্লেখ করেন। ডোনার মন্ত্রী জ্যোতিরাদিত্য সিন্ধিয়ার নেতৃত্বে উত্তর পূর্বাঞ্চলে কাজের গতি এসেছে বলে তিনি উল্লেখ করেন। স্বাগত ভাষণ দেন ডোনার মন্ত্রকের যুগ্ম সচিব অংশুমান দে ।অনুষ্ঠানে বিদ্যুৎ মন্ত্রী রতন লাল নাথ উপস্থিত ছিলেন। আজ বিকেলে আগরতলা এমবিবি বিমানবন্দরে মন্ত্রী শ্রীসিন্ধিয়াকে স্বাগত জানান বাণিজ্য মন্ত্রী সান্তনা চাকমা, প্রদেশ বিজেপির সাধারণ সম্পাদক বিপিন দেববর্মা সহ অন্যান্যরা।

**************************

**DoNER Minister-2:**

শ্রী সিন্ধিয়া আজ সন্ধ্যায় আগরতলা সরকারি মেডিকেল কলেজ ও জিবিপি হাসপাতালে নির্মানাধীন ২০০ শয্যার প্রসূতি মা ও শিশু হাসপাতালের কাজের অগ্রগতি ঘুরে দেখেন। সঙ্গে ছিলেন মুখ্যমন্ত্রী অধ্যাপক ডা: মানিক সাহা।

**************************

**DoNER Minister-3:**

শ্রী সিন্ধিয়া আগরতলায় ডেন্টাল কলেজের একাডেমিক বিল্ডিংয়ের কাজ পরিদর্শন করেছেন। মুখ্যমন্ত্রী অধ্যাপক ডাঃ মানিক সাহা এবং স্বাস্থ্য সচিব কিরণ গিত্যে তাঁর সঙ্গে ছিলেন।

**************************

**Update Akashvani :**

এখবর শুনছেন, আকাশবাণী আগরতলা কেন্দ্র থেকে|

#######Sound Byte#######

আকাশবাণীর সংবাদের আপডেট পেতে লগ ইন করুন – ডব্লিউ. ডব্লিউ. ডব্লিউ ডট নিউজ অন এ আই আর ডট কম এবং নিউজ অন এ-আই-আর অ্যাপ, এবং ট্যুইটার ও ফেসবুক প্লাটফর্মে-এ এ-আই-আর-নিউজ-এলার্টস-এ। ইউ-টিউব-এ লক্ষ্য করুন নিউজ-অন-এআইআর-অফিসিয়াল-এ|

এছাড়াও আকাশবাণী আগরতলার সংবাদ আপডেট পেতে দেখুন ট্যুইটার বা এক্স হ্যান্ডেলে আকাশবাণী নিউজ আগরতলা / ফেসবুকে এ-আই-আর নিউজ আগরতলা এবং ইউ টিউবে আকাশবাণী নিউজ আগরতলা|

**************************

**PM, Kerala:**

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আজ কেরালার তিরুবনন্তপুরমে বিভিন্ন উন্নয়নমূলক প্রকল্পের উদ্বোধন করেন| তিনি প্রধানমন্ত্রী স্বনিধি ক্রেডিট কার্ড চালু করেন এবং এক লক্ষ সুবিধাভোগীকে প্রধানমন্ত্রী স্বনিধি ঋণ বিতরণ করেন। তিনটি অমৃত ভারত এক্সপ্রেস ট্রেন এবং একটি যাত্রীবাহী ট্রেন সহ চারটি নতুন ট্রেন পরিষেবারও উদ্বোধন করেন। তিরুবনন্তপুরমে এক সমাবেশে প্রধানমন্ত্রী মোদী বলেন, সমগ্র জাতি 'বিকশিত ভারত'-এর লক্ষ্যে ঐক্যবদ্ধভাবে কাজ করছে এবং 'বিকশিত ভারত'-এ শহরগুলির একটি বড় ভূমিকা রয়েছে। তিনি আরও বলেন যে, গত ১১ বছর ধরে কেন্দ্রীয় সরকার নগর পরিকাঠামোতে প্রচুর বিনিয়োগ করছে।

########## PM byte ##########

**************************

**Saraswati Puja :**

শ্রীপঞ্চমী বা বসন্ত পঞ্চমী তিথি অনুযায়ী আজ বিদ্যার অধিষ্ঠাত্রী দেবী সরস্বতীর আরাধনার দিন। রাজ্যে বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠান, অফিস, বাড়ি, ক্লাব, সংস্থায়

পূজিতা হয়েছেন দেবী সরস্বতী। সরস্বতী পূজাকে কেন্দ্র করে বিশেষত ছোট ছোট ছেলেমেয়েদের মধ্যে বিপুল উৎসাহ লক্ষ্য করা গেছে। শহর আগরতলা সহ রাজ্যের বিভিন্ন জেলায় দেবীর আরাধনায় মেতে উঠেছেন সবাই। প্রতি বছরের মতো এবারও রাজ্যের জাতি-জনজাতি উভয় অংশের জনগনই সরস্বতী পূজা উদযাপন করেন। আকাশবাণী আগরতলা কেন্দ্রে আজ সরস্বতী পূজা ও সাংস্কৃতিক অনুষ্ঠানের আয়োজন করা হয়|

**************************

**Kishore Barman:**

উচ্চশিক্ষা মন্ত্রী কিশোর বর্মন বলেছেন জ্ঞানই জাতি গঠনের মূল ভিত্তি। আজ আগরতলায় মহারাজা বীর বিক্রম বিশ্ববিদ্যালয়ে সরস্বতী পূজায় অংশগ্রহণ করে তিনি একথা বলেন। মন্ত্রী বলেন রাজ্য সরকার উচ্চ শিক্ষার গুণগত মানোন্নয়ন, গবেষণা ও উদ্ভাবনের পরিবেশ তৈরিতে অগ্রাধিকার দিয়ে কাজ করছে।

**************************

**Sushanta Choudhury:**

পর্যটন মন্ত্রী সুশান্ত চৌধুরী আজ নেতাজি সুভাষ চন্দ্র বসুর জন্মদিন ও সরস্বতী পূজা উপলক্ষ্যে শিশু বিহার স্কুলের প্রাক্তনীদের দ্বারা আয়োজিত অনুষ্ঠানে অংশগ্রহণ করেন। উপস্থিত ছিলেন পুর মেয়র দীপক মজুমদার, আগরতলা প্রেস ক্লাবের সভাপতি প্রণব সরকার প্রমুখ।

**************************

**Parakram Diwas, dist:**

প্রাণীসম্পদ বিকাশ দপ্তরের মন্ত্রী সুধাংশু দাস বলেছেন, নেতাজি সুভাষচন্দ্র বসুর অকৃত্রিম দেশপ্রেম ও অদম্য সাহস আমাদের প্রেরণা ।আজ ঊনকোটি জেলার ফটিকরায়ে এক অনুষ্ঠানে তিনি একথা বলেন।

ফটিকরায় নেতাজির মর্মর মুর্তি প্রাঙ্গনে জাতীয় পতাকা উত্তোলন এবং মর্মর মুর্তি'তে পূষ্পার্ঘ অর্পণ করা হয় ও রেলিং হয়।

সাব্রুমের ব্রজেন্দ্রনগরে সমবায় মন্ত্রী শুক্লাচরন নোয়াতিয়া তিনদিনব্যাপী নেতাজি জন্মজয়ন্তী অনুষ্ঠানের সূচনা করেন। তিনদিন সাংস্কৃতিক অনুষ্ঠান ছাড়াও, সব্জি প্রদর্শনী ও মহিলা স্ব-সহায়ক দলের সদস্যদের স্টল খোলা হয়েছে।

**************************

**Netaji BJP, Congress:**

আগরতলায় প্রদেশ বিজেপি কার্যালয়ে নেতাজি জন্মজয়ন্তীর অনুষ্ঠানে জাতীয় পতাকা উত্তোলন করা হয়। নেতৃবৃন্দ স্বাধীনতা আন্দোলনে নেতাজীর অবদান নিয়ে বিস্তারিত আলোচনা করেন ।

আগরতলা প্রদেশ কংগ্রেসের উদ্যোগে আগরতলায় কংগ্রেস ভবনে নেতাজির জন্মজয়ন্তীর অনুষ্ঠানে প্রদেশ কংগ্রেস সভাপতি আশিস কুমার সাহা জাতীয় পতাকা উত্তোলন করেন। তিনি নেতাজীর জীবনাদর্শ নিয়ে আলোচনা করেন।

**************************

**Parakram Diwas, Gomati:**

গোমতী জেলায় কাকরাবন নেতাজি চৌমুহনী এলাকায় আয়োজিত অনুষ্ঠানে নেতাজি সুভাষচন্দ্র বসুর মূর্তিতে পুষ্পার্ঘ্য অর্পণ করা হয়। অনুষ্ঠানে জেলার প্রশাসনিক আধিকারিক চন্দ্রশেখর চট্টোপাধ্যায়, কাঁকড়াবন পঞ্চায়েত সমিতির ভাইস চেয়ারম্যান প্রণব দাস, ব্লকের ভিডিও অনিন্দ্য দত্ত মজুমদার ও থানার

ওসি জয়ন্ত মালাকার প্রমুখ উপস্থিত ছিলেন। উদয়পুর নেতাজি সুভাষ মহাবিদ্যালয় প্রাঙ্গনেও অনুষ্ঠান হয়|

**************************

**Naidu Trophy:**

ত্রিপুরা ও মহারাষ্ট্রের মধ্যে কর্নেল সিকে নাইডু ট্রফি অনূর্ধ্ব ২৩ বছরের ক্রিকেটের চারদিনের খেলা আজ থেকে সোলাপুরে শুরু হয়েছে। স্থানীয় ইন্দিরা গান্ধী স্টেডিয়ামে টসে জিতে ব্যাট করতে নেমে রাজ্যদল প্রথম ইনিংসে ২০৯ রান করে। দলের পক্ষে সপ্তজিৎ দাস ৫৪ ও তন্ময় দাস ৫২ রান করেন। জবাবে মহারাষ্ট্র প্রথম ইনিংসে প্রথম দিনের শেষে কোন উইকেট না হারিয়ে ৪৭ রান করে।

**************************

**Weather:**

আগামীকাল আকাশ আংশিক মেঘাচ্ছন্ন থাকবে। সকালে হালকা কুয়াশা পড়ার সম্ভাবনা রয়েছে। আজ দিনের সর্বোচ্চ তাপমাত্রা ছিল ২৮.২ ডিগ্রি সেলসিয়াস এবং সর্বনিম্ন ১২ ডিগ্রি সেলসিয়াস। আগামীকাল দিনের সর্বোচ্চ তাপমাত্রা ২৮ ডিগ্রি সেলসিয়াস এবং সর্বনিম্ন ১২ ডিগ্রি সেলসিয়াসের কাছাকাছি থাকতে পারে।

**************************

**************************